গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : উপজেলা চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কমিটির সেপ্টেম্বর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ গোলাম ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

তারিখ : ০৯ সেপ্টেম্বর ২০২৪

সময় : সকাল ১০:৩০ মিনিট

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো।

সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর ভূরুঙ্গামারী উপজেলার চোরাচালান প্রতিরোধে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| কোম্পানী কমান্ডার, বিজিবি জানান মাদকসহ চোরাচালান প্রতিরোধে স্থানীয় ইউপি সদস্যদের নিয়ে জনসচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রয়েছে। সীমান্তবর্তী এলাকার হাট-বাজারগুলো রাত ৮.০০ টার পরে বন্ধ রাখতে স্থানীয় ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভায় বিজিবেকে অনুরোধ জানানো হয়।<br><br>চেয়ারম্যান, চরভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ জানান চুরি ছিনতাই রোধে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার আহ্বান জানান। আসামী ধরার সময় সঠিকভাবে যাচাই বাছাই করে পরবর্তী ব্যবস্থা নেয়ার আহ্বান জানান। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে সজাগ থাকতে হবে। বিদ্যুৎ না থাকার কারণে চুরি রোধে সজাগ থাকা জরুরি। সন্দেহভাজন কোনো ব্যক্তির আনা গোনা দেখা গেলে আইন-শৃঙ্খলা বাহিনীকে জানানোর জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | চোরাচালান বন্ধে বিজিবি ও স্থানীয় জনপ্রতিনিধিদের যথাযথভাবে দায়িত্ব পালন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১.অধিনায়ক, ২২/১৫ বিজিবি, কুড়িগ্রাম/লালমনিরহাট<br>২.চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৪. সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>৫.চেয়ারম্যান, ……………..ইউপি (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৬. কোম্পানী কমান্ডার, ………….বিওপি ক্যাম্প, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| সভায় বাগভান্ডার কোম্পানী কমান্ডার বলেন গত মাসে সীমান্তে কোনো দুর্ঘটনা ঘটে নাই। তবে ভারতীয় স্বর্ণ কাতান শারী ২৬০ পিচ, ভারতীয় ইয়াবা ট্যাবলেট ১৯৯৫ পিচ, ভারতীয় হ্যাপিগোল্ড মদ ০৪ বোতল, কিং ফিশাল মদ ১০ বোতল জব্দ করা হয়। যার মূল্য ৪৫,১৯,৫০০/- টাকা। মাদক প্রতিরোধে সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামনা করেন। | সীমান্ত এলাকায় মাদক সেবন এবং চোরাচালান বন্ধে সচেতনতামূলক সভাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. অধিনায়ক, ২২/১৫ বিজিবি, কুড়িগ্রাম/ লালমনিরহাট।<br>২।চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৩। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>৫।চেয়ারম্যান, ……………..ইউপি (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৫। কোম্পানী কমান্ডার, ………….বিওপি ক্যাম্প, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম অফিস চলাকালীন সময়ে পুলিশি টহল বাড়ানোর জন্য অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা, কুড়িগ্রামকে অনুরোধ জানান। চোরাচালান বন্ধে সীমান্ত এলাকায় ওয়ার্ড সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। চোরাচালান প্রতিরোধের জন্য সংশ্লিষ্ট সকলকে জিরো টলারেন্স থেকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন। তিনি চোরাচালানের বিষয়ে তথ্য প্রদানের জন্য সকলকে অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
মোবাইল নম্বর : ০১৭৯৯-৯৪১৫৫৫
ইমেইল- : unobhurungamari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.১৪.০১১.২৩- ৮৮৩

তারিখ : ২৫ ভাদ্র ১৪৩১
৯ আগস্ট ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
২. পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৩. অধিনায়ক, ২২/১৫, বিজিবি, কুড়িগ্রাম/লালমনিরহাট।
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫. উপজেলা ..............................................................অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৬. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৭. চেয়ারম্যান, ......................................... ইউনিয়ন পরিষদ (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮. কোম্পানী কমান্ডার, ................................... বিজিবি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯. জনাব.....................................................................................................................সদস্য, উপজেলা চোরাচালান টাস্কফোর্স কমিটি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০. অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।